# Operation Dost

February 08, 2023

# অপারেশন দোস্ত

ফেব্রুয়ারি 08, 2023

6ই ফেব্রুয়ারি 2023-এ তুর্কী এবং সিরিয়াতে বিশাল ভূমিকম্প আঘাত হানার পরে, ক্ষতিগ্রস্ত মানুষদের জন্য সমস্ত রকমের সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্য শ্রী নরেন্দ্র মোদী নির্দেশ দিয়েছিলেন।

সেই মোতাবেক, সার্চ অ্যান্ড রেসকিউ (এসএআর) প্রচেষ্টা ও সেইসাথে মেডিকেল সহযোগিতায় প্রয়োজনীয় সাহায্য করার জন্য অপারেশন দোস্ত চালু করা হয়েছে। এটি বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয়ের সামগ্রিক সরকারি পদ্ধতিকে জড়িত করেছে। সাহায্যর অনুরোধ আসার এক ঘন্টার মধ্যে দ্রুত প্রতিক্রিয়ায় প্রথম সি-17 আইএএফ বিমান একটি বিশেষজ্ঞ এসএআর টীম নিয়ে তুর্কীর উদ্দেশ্যে রওনা হয়ে যায়।

সেই থেকে 5টি সি-17 বিমান বাহিনীর বিমানে করে তুর্কীতে 250র বেশী উদ্ধারকর্মী, বিশেষ সরঞ্জাম এবং 135টন ত্রাণ সামগ্রী পাঠাতে ভারত সক্ষম হয়েছে।

এগুলির মধ্যে রয়েছে ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স ফোর্স (এনডিআরএফ)-এর তিনটি স্বনির্ভর দল, 150জনের বেশী বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত কর্মী, তার সাথে ডগ স্কোয়াড, বিশেষ সরঞ্জাম, যান এবং সরবরাহ। এই সরঞ্জামগুলি ধ্বংসস্তুপের নীচে আটকা পড়া মানুষদের খুঁজে বের করতে, অবস্থান খুঁজে বের করতে, তাদের কাছে পৌঁছোতে এবং বের করে আনতে দেবে।

উপরন্ত, ভারতীয় সৈন্য বাহিনীর 30টি বেডের স্বনির্ভর ফিল্ড হসপিটাল স্থাপন করার জন্য কর্মী ও সরঞ্জাম পাঠানো হয়েছে। এরমধ্যে রয়েছে বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত 99 জনের একটি টীম, সাথে রয়েছে অত্যাবশ্যক ওষুধপত্র, আধুনিক সরঞ্জাম, যান এবং অ্যাম্বুলেন্স। হাসপাতালে পুরোমাত্রায় কার্যকর একটি অপারেশন থিয়েটার সহ x-রে, ভেন্টিলেটরস ইত্যাদির সুবিধা রয়েছে।

তুর্কিতে পাঠানো আমাদের টিম, আমাদের দূতাবাসের মাধ্যমে স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমন্বয় বজায় রেখে চলেছে, যেটি আদানাতে একটি ক্যাম্প অফিস স্থাপন করেছে। এনডিয়ারএফ টীমটি গাজিয়ানটেপে উদ্ধারকার্যে সহযোগিতা প্রদান করছে, অন্যদিকে মেডিকেল টীমটি ইস্কেনডেরানে ফিল্ড হসপিটাল স্থাপন করেছে। উদ্ধারকার্য এবং ত্রাণকার্যের সাথে জড়িত দলকে সহায়তা করার জন্য বিদেশমন্ত্রকের একদল আধিকারিককে তুর্কিতে প্রেরণ করা হয়েছে যাদের মধ্যে দুইজন তুর্কিস ভাষা বলতে পারেন।

আমাদের দূতাবাস ক্ষতিগ্রস্থ এলাকায় ভারতীয়দের কুশলতাকেও নিশ্চিতকরণ করেছে বিশেষত তুর্কির আদানা, গাজিয়ানটেপ,মালাত্যা এবং কাহরামানমারাস জেলাতে, এই অঞ্চলগুলি ভূমিকম্পের জন্য সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ। দূতাবাস একটি হেল্পডেস্কও স্থাপন করেছে। রাস্তার অবস্থা, খারাপ

আবহাওয়া এবং জারি থাকা উদ্ধার অভযানের সীমিত বিকল্পগুলির মত গুরুতর লজিস্টিক সীমাবদ্ধতার মধ্যেও আমাদের আধিকারিকরা দশজন ভারতীয় নাগরিকের কাছে পৌঁছেছেন যারা আটকা পড়ে আছেন বলে জানা গেছে। একজন নিখোঁজ ভারতীয়কে খুঁজে বের করারও চেষ্টা চলছে।

সিরিয়ার ক্ষেত্রে 6 টনেরও বেশী জরুরী ত্রাণ সামগ্রী ভারতীয় বিমান বাহিনীর সি130জে বিমানে করে দামাস্কাসে পাঠানো হয়েছে। এই সামগ্রীর মধ্যে রয়েছে জরুরী ভিত্তিতে ব্যবহারের জন্য ওষুধ, স্যালাইন, সুরক্ষা সামগ্রী, সাধারণ ব্যবহার্য্য ওষুধ এবং মেডিকেল সরঞ্জাম যেমন ইসিজি মেশিন, পেশেন্ট মনিটর ইত্যাদি। এই সামগ্রীগুলি দামাস্কাস বিমান বন্দরে সিরিয়ার স্থানীয় প্রশাসন ও পরিবেশের উপমন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার মৌতাজ দৌয়াজি গ্রহণ করেছেন।

এই ধ্বংসাত্মক ভূমিকম্পের কারণে যারা ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের সবরকমের সম্ভাব্য সহযোগিতা প্রদান করার জন্য ভারত প্রতিশ্রুতিবদ্ধ। অপারেশন দোস্ত প্রথম প্রতিক্রিয়াকারী, একটি সম্পূর্ণ সুরক্ষা প্রদানকারী হিসেবে ভারতের সাম্প্রতিক্তম অভিব্যক্তির বহিঃপ্রকাশ এবং একটি দেশ যার মানবিক সহায়তা ও বিপর্যয় মোকাবিলার প্রতিক্রিয়া দ্রুত ও শুধুমাত্র তার প্রতিবশী দেশগুলির মধ্যেই সীমাবদ্ধ নয় তার বাইরেও ছড়িয়ে রয়েছে।

ফেব্রুয়ারি 08, 2023

নিউ দিল্লি

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.